

দৈনিক
ইত্তেফাক

প্রতিটিতে ত্বরিত হোসেন মালিক দিয়ে

চিলমারীতে এইচএসসি পরীক্ষায় ভুল প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণের অভিযোগ

প্রকাশ : ০৫ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 চিলমারী (কুড়িগ্রাম) সংবাদদাতা

চিলমারীতে চলমান এইচএসসি পরীক্ষার প্রথম দিন বাংলা ১ম পত্র ভুল প্রশ্ন দিয়ে পরীক্ষা গ্রহণের অভিযোগ উঠেছে। জানা গেছে, মোছা, আইরিন আঙ্গার চিলমারী মহিলা ডিগ্রি কলেজের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী, কেন্দ্র-চিলমারী ডিগ্রি কলেজ, রোল নং-৭৩৬৩০১, রেজি নং-৯০১৭৬০৩৭২৬। গত ১ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হয়। বাংলা ১ম পত্র (আবশ্যিক) পরীক্ষায় কক্ষ পরিদর্শক ওই শিক্ষার্থীকে ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্ন দেন। শিক্ষার্থী প্রশ্ন হাতে পেয়ে ভুল প্রশ্ন দেখে কক্ষ পরিদর্শককে বিষয়টি জানালে শিক্ষার্থীকে তিনি ধমক দিয়ে ওই প্রশ্ন দিয়েই পরীক্ষা দিতে বলেন। শিক্ষার্থী ওই প্রশ্ন দিয়ে পরীক্ষা শেষ করে বাসায় গিয়ে তার অভিভাবককে ভুল প্রশ্ন দিয়ে পরীক্ষা দেওয়ার বিষয়টি অবহিত করে। পরীক্ষার দ্বিতীয় দিন ২ এপ্রিল বাংলা ২য় পত্রের (আবশ্যিক) পরীক্ষা ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্ন দিয়ে পরীক্ষা গ্রহণ করে। বিষয়টি নিয়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের নির্দেশনায় দেখা যায়, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের বাংলা ১ম পত্রের পরীক্ষা ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী গ্রহণ করতে হবে। বাংলা ১ম পত্রের পরীক্ষা ভুল প্রশ্ন দিয়ে পরীক্ষা দেওয়ায় শিক্ষার্থী ও অভিভাবক ফলাফল নিয়ে চরম দুশ্চিন্তায় পড়েছে।

কেন্দ্রের ভারপ্রাণ কর্মকর্তার সঙে ফোনে কথা হলে তিনি জানান, আমাদের কাছে নির্দেশনা রয়েছে সে মোতাবেক পরীক্ষা গ্রহণ করা হচ্ছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ মেশন প্রিন্টিং প্রেস,
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।